

# যুগান্তর

প্রিন্ট: ১১ মার্চ ২০২৫, ০২:৪৫ পিএম


শিক্ষাঙ্গন

## জাবিতে ঈদের আগেই অছাত্রদের হল ত্যাগের নির্দেশ



জাবি প্রতিনিধি

প্রকাশ: ১০ মার্চ ২০২৫, ০৫:৫৩ পিএম

**জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়**  
সাভার, ঢাকা।

**অফিস আদেশ**

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, গত ০৬-০২-২০২৪ এবং ১৮-১০-২০২৪ তারিখে প্রচারিত অফিস আদেশের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলসমূহে অবস্থানকারী যেসকল শিক্ষার্থীর পরীক্ষা সমাপ্ত হয়েছে তাদেরকে হল ত্যাগ করার জন্য অনুরোধ করা হয়। উক্ত অফিস আদেশসমূহের ফলে বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলসমূহে অবস্থানকারী যেসকল শিক্ষার্থী হল ত্যাগ করেছেন বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তাদেরকে ধন্যবাদ জ্ঞাপন করছে।

বর্তমান পরিস্থিতিতে প্রভোস্ট কমিটির ০২-৩-২০২৫ তারিখে অনুষ্ঠিত সভার সর্বসম্মত সিদ্ধান্ত অনুযায়ী আসন্ন জাকসু ও হল সংসদ নির্বাচন ২০২৫ সুষ্ঠুভাবে সম্পন্ন করার উদ্দেশ্যে বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলসমূহে অবস্থানকারী যেসকল শিক্ষার্থীর ইতোমধ্যে স্নাতকোত্তর পরীক্ষা সম্পন্ন হয়েছে তাদেরকে স্ব-স্ব হল ত্যাগ করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

উল্লেখ্য শিক্ষার্থীগণ ঈদ-উল-ফিতরের ছুটির পূর্বেই হল ত্যাগ না করলে ঈদ-উল-ফিতরের ছুটির পর হল প্রশাসন সংশ্লিষ্ট শিক্ষার্থীগণের হল ত্যাগের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। বিশ্ববিদ্যালয়ের সার্বিক শৃঙ্খলা বজায় রাখার স্বার্থে সংশ্লিষ্ট শিক্ষার্থীগণের আন্তরিক সহযোগিতা প্রত্যাশা করা হচ্ছে।

স্বাক্ষর/-ড. এ বি এম আজিজুর রহমান  
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

স্মারক সংখ্যা : রেজি/সা.প্রশা./৬০১৪ (৮০) তারিখ : ০৯-৩-২০২৫

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. প্রো-উপাচার্য (শিক্ষা), জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা
২. প্রো-উপাচার্য (প্রশাসন), জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা
৩. কোষাধ্যক্ষ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা
৪. সকল ডিন, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা
৫. রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত), জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা

পবিত্র ঈদ-উল-ফিতরের আগেই ছাত্রত্ব শেষ হওয়া শিক্ষার্থীদের আবাসিক হল ত্যাগ করার নির্দেশ দিয়েছেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (জাবি) কর্তৃপক্ষ।

রোববার (৯ মার্চ) বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার ড. এ বি এম আজিজুর রহমান স্বাক্ষরিত এক অফিস আদেশে এ তথ্য জানানো হয়।

অফিস আদেশে বলা হয়, ৬ ফেব্রুয়ারি ২০২৪ এবং ১৮ অক্টোবর ২০২৪ তারিখে প্রচারিত অফিস আদেশের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলসমূহে অবস্থানকারী যেসব শিক্ষার্থীর স্নাতকোত্তর পরীক্ষা শেষ হয়েছে তাদেরকে হল ত্যাগ করার জন্য অনুরোধ করা হয়। উক্ত অফিস আদেশসমূহের ফলে বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলগুলোতে অবস্থানকারী যেসব শিক্ষার্থী হল ত্যাগ করেছেন বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তাদেরকে ধন্যবাদ জানিয়েছে।

এতে উল্লেখ করা হয়, বর্তমান পরিস্থিতিতে প্রভোস্ট কমিটির ২ মার্চে অনুষ্ঠিত সভার সর্বসম্মত সিদ্ধান্ত অনুযায়ী আসন্ন জাকসু ও হল সংসদ নির্বাচন ২০২৫ সুষ্ঠুভাবে সম্পন্ন করার উদ্দেশ্যে বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলগুলোতে অবস্থানকারী যেসব শিক্ষার্থীর এরমধ্যে স্নাতকোত্তর পরীক্ষা শেষ হয়েছে তাদেরকে স্ব-স্ব হল ত্যাগ করার জন্য নির্দেশ দেওয়া হলো।

অফিস আদেশে আরও বলা হয়, শিক্ষার্থীরা ঈদ-উল-ফিতরের আগেই হল ত্যাগ না করলে ছুটির পর হল প্রশাসন সংশ্লিষ্ট শিক্ষার্থীদের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেবে। বিশ্ববিদ্যালয়ের সার্বিক শৃঙ্খলা বজায় রাখার স্বার্থে সংশ্লিষ্ট শিক্ষার্থীদের আন্তরিক সহযোগিতা প্রত্যাশা করা হচ্ছে।